তারিখ ... ১৫/১১/৯৫ ...
পৃষ্ঠা ৬ ... কলাম ৬ ......

আজকের কাগজ 04

# ওসমানী মেডিক্যাল কলেজের অধ্যক্ষের বাসায় ৩ বছর যাবৎ পরিচালকের অবৈধভাবে অবস্থান

**সিলেট প্রতিনিধি :** সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজেব অধ্যক্ষের নির্ধারিত আবাসিক বাসভবনে গত ৩ বছর ধরে অবৈধভাবে বসবাস করছেন হাসপাতালের বর্তমান পরিচালক। অপরদিকে পরিচালকের নির্ধারিত বাড়িটি এই সময়ে পতিত পড়ে আছে। স্বাস্থ্য বিভাগের নির্দেশ সত্ত্বেও পরিচালক বাসভবনটি ছাড়ছেন না। ব্যাপারটি নিয়ে মেডিকেল কলেজ ও হাসপাতালের দায়িত্বশীল কর্মকর্তারা উদ্যোগ নিয়ে ব্যর্থ হয়েছেন। সূত্র মতে হাসপাতালের বর্তমান পরিচালক কর্নেল ফাহিম আহমদ চৌধুরী গত ২২/১১/৯২ ইং তারিখ কর্মস্থলে যোগদান করার সময়ে পরিচালকের নির্ধারিত বাড়িটিতে পূর্ববর্তী পরিচালকের পরিবারবর্গ অবস্থান করায় সাময়িকভাবে তিনি অধ্যক্ষের বাড়িতে ওঠেন। মাসখানেক পর পরিচালকের বাড়িটি খালি হয়ে গেলে পরিচালক সাহেব অদ্যাবধি অধ্যক্ষের বাড়িটির দখল ছাড়েননি। পরিচালকের দায়িত্ব নেবার পর থেকে ইতিমধ্যে দু'জন অধ্যক্ষ বদলি হয়েছেন। এ ব্যাপারটি নিয়ে মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রবীণ শিক্ষক, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা আলোচনা করে ব্যর্থ হলে বিষয়টি স্বাস্থ্য বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়। যার ফলে স্বাস্থ্য মহাপরিচালকের পক্ষে পরিচালক প্রশাসন গত ২৮-০৮-৯৫ ইং তারিখ স্মারক নং স্বা অধিঃ প্র-১৫/চ-বা মেরা বরাদ্দ নির্মাণ ৩৫ অংশ ১৬৯৪৬ চিঠিতে হাসপাতল পরিচালককে অনতিবিলম্বে অধ্যক্ষের কাছে হস্তান্তর করে অধিদফতরকে অবহিত করার নির্দেশ দেন। কিন্তু আদেশ জারির ৩ মাস পরও পরিচালক এখনও বাড়িটিতে অবস্থান করছেন। এ নিয়ে মেডিক্যাল কলেজের শিক্ষক ও ছাত্র-ছাত্রিদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এদিকে, অধ্যক্ষ নির্ধারিত বাড়িতে না থাকায় জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা তার বেতন বিল উত্তোলনে আপত্তি জানিয়েছে। এছাড়া কলেজ থেকে প্রায় দু'মাইল দূরে ভাড়া বাড়িতে অবস্থান করায় কলেজের প্রশাসনিক কাজ কর্মেও বিঘ্ন ঘটছে বলে জানা গেছে।